নিউ ইয়র্ক সিটির খাদ্য ডেলিভারি (NYC Get Food) কার্যক্রমে অংশগ্রহণকারী ড্রাইভারদের জন্য নির্দেশনা

নিউ ইয়র্কবাসীদেরকে খাবার ডেলিভারি করতে সাইন-আপ করার জন্য আপনাকে ধন্যবাদ। এই কর্মসূচিতে আপনার অংশগ্রহণ আমাদের শহরকে এই চ্যালেঞ্জিং সময়ে আরো সুরক্ষিত ও আরো বেশি স্থিতিশীল করে তুলবে।

নিচের নির্দেশনাগুলো আপনাকে আপনার অর্পিত দায়িত্ব সম্পূর্ণ করতে এবং সময়মত আপনার পেমেন্ট পেতে সহায়তা করবে।

নিউ ইয়র্ক সিটির খাদ্য ডেলিভারি নিন (NYC Get Food) কার্যক্রমে খাবার ডেলিভারি দেয়ার জন্য কিভাবে আপনার দিন শুরু করবেন

আপনাকে নিউ ইয়র্ক সিটির একটি খাদ্য বিতরণ কেন্দ্র থেকে খাবার সংগ্রহ করার জন্য নিয়োজিত করা হবে। আপনার নির্ধারিত চেক-ইন করার সময়ে আপনার গাড়ি চালিয়ে সেই কেন্দ্রে যাবেন। আপনি যখন লাইনের সামনে পৌঁছাবেন:

1) কেন্দ্রের কর্মীরা নির্দেশ না দিলে গাড়ি থেকে নামবেন না। যেসব ড্রাইভারের মাস্ক, গ্লাভস ও হ্যান্ড স্যানিটাইজারের মত আইটেমগুলোর প্রয়োজন হবে তাদেরকে এগুলো বিতরণ করা হবে। গভর্ণর কুওমোর নির্বাহী আদেশ মেনে চলার জন্য অনুগ্রহ করে প্রদত্ত মাস্ক পরুন বা অন্য কোনো মুখের আবরণ ব্যবহার করুন।
2) আপনার TLC ড্রাইভার লাইসেন্স দেখানোর জন্য প্রস্তুত থাকুন।
3) সাইটের কর্মীরা আপনাকে সেদিনের জন্য নির্ধারিত ডেলিভারির তালিকা এবং প্রত্যেক ঠিকানায় আপনাকে কয়টি মিল ডেলিভারি করতে হবে তার তালিকাসহ একটি "রান শিট" ("Run Sheet") প্রদান করবে। এই রান শিট হারাবেন না - আপনাকে দিনের শেষে এটি ফেরত দিতে হবে।
4) গাড়ির ট্রাঙ্ক খুলুন যাতে কর্মীরা খাবার লোড করতে পারেন।
5) সাইটের কর্মীরা আপনাকে চলে যাওয়ার সঙ্কেত দিলে, আপনার ডেলিভারি প্রদানের ঠিকানাগুলির পথে এগিয়ে যান।

আপনার ডেলিভারিগুলো কিভাবে করবেন

1) আপনার ডেলিভারির সব ঠিকানা পর্যালোচনা করুন এবং আপনার রুট সম্পর্কে পরিকল্পনা করুন। প্রতিটি ঠিকানার পথে নিরাপদে গাড়ি চালিয়ে এগিয়ে যান।
2) আপনি কোনো ডেলিভারির ঠিকানায় পৌঁছালে, আপনার গাড়িটি পার্ক করুন।
3) কোনো ঠিকানায় খাবার ডেলিভারি দেয়ার সময়, আপনি নিচের জায়গাগুলোতে <u>10 মিনিট পর্যন্ত</u> আপনার গাড়ি পার্ক করতে পারবেন:
   - নো পার্কিং জোন
   - মিটারযুক্ত পার্কিং জোন (আপনার মিটারে সময় কেনার প্রয়োজন নেই)
   - ট্রাক লোডিং জোন

4) পার্ক করার পরে, নিম্নলিখিতটি নিশ্চিত করতে আপনার রান শিট (run sheet) চেক করুন:
   - এই ঠিকানায় আপনাকে কয়টি মিল ডেলিভারি করতে হবে (এই সংখ্যা ভিন্ন হবে)
   - গ্রাহক আপনার সাথে ফুটপাতে দেখা করতে পারবেন কিনা
   - ডেলিভারি সংক্রান্ত যেকোনো নির্দেশনা লক্ষ করুন (buzzer নষ্ট, গেট লক করা আছে, ইত্যাদি)
5) ডেলিভারি এসে গেছে তা জানাতে গ্রাহককে ফোন করুন। কিভাবে ভবনে প্রবেশ করতে হবে ও তাদের অ্যাপার্টমেন্ট খুঁজে পাওয়া যাবে সে সম্পর্কে তারা আপনাকে বাড়তি নির্দেশনা দিতে পারেন। আপনাকে ভবনে প্রবেশ করতে দেয়ার জন্য তাদের বাজ (buzz) ব্যবহার করার প্রয়োজন হতে পারে। যদি প্রয়োজন হয়:
   - ভবনে প্রবেশের সময় একটি মাস্ক ও গ্লাভস পরুন
   - ভালো সামাজিক দূরত্ব বজায় রাখুন - কমপক্ষে ছয় ফুট দূরত্ব বজায় রাখুন
   - আপনি যখন গ্রাহকের দরজায় পৌঁছাবেন, কলিং বেল বাজান বা নক করুন এবং বলুন, "NYC Get Food Delivery" (এনওয়াইসি গেট ফুড ডেলিভারি)।
   - গ্রাহক দরজা খোলার আগেই দরজার সামনে খাবার রাখুন এবং কমপক্ষে ছয় ফুট পিছিয়ে আসুন
   - গ্রাহক দরজা খুললে তার দিকে হাত নাড়ান এবং আপনার পরবর্তী ডেলিভারি দিতে চলে যান

6) আপনার ডেলিভারি সম্পূর্ণ হয়েছে হিসেবে চিহ্নিত করুন।

আপনি গ্রাহকের কাছে পৌঁছাতে না পারলে কী করতে হবে

1) গ্রাহকের ফোনে কমপক্ষে দু'বার কল করার চেষ্টা করুন।
2) যদি আপনি গ্রাহকের অ্যাপার্টমেন্ট (ইউনিট)-এর দরজায় পৌঁছাতে পারেন তাহলে আপনার ডোরবেল বাজানো উচিত। যদি গ্রাহক দরজা না খোলা তাহলে আপনি খাবারটি দরজায় রেখে আসতে পারেন। সেক্ষেত্রে, আপনার রান শিট (Run Sheet)-এ একটি নোট লিখে রাখুন যে আপনি গ্রাহককে ফোন করেছেন এবং তিনি ফোন বা ডোরবেলের জবাব দেননি, তাই আপনি তার জন্য খাবার রেখে এসেছেন।
3) যদি আপনি ফোনে গ্রাহকের সাথে যোগাযোগ করতে না পারেন এবং ভবনে প্রবেশ করতে না পারেন, তাহলে আপনার রান শিট (Run Sheet)-এ ডেলিভারি "not complete" (সম্পন্ন হয়নি) হিসেবে উল্লেখ করুন এবং এটি সম্পন্ন করতে না পারার কারণ উল্লেখ করুন, এবং আপনার শিফট শেষে বাড়তি খাবারগুলো ফেরত দিন।

আপনার শিফট শেষে কি করবেন

1) আপনার শিফট শেষ করার পরে, খাদ্য বিতরণ কেন্দ্রে ফিরে যাবেন (যে কেন্দ্র থেকে আপনি আপনার শিফট শুরু করেছিলেন সেখানে)।
2) আপনার রান শিট (run sheet) কেন্দ্রের কর্মীদের কাছে ফেরত দিন যাতে আপনার দিনটি শেষ হয়েছে বলে চিহ্নিত করা যায় এবং আপনাকে পেমেন্ট করা যায়।
3) কেন্দ্রের কর্মীরা আপনার রান শিট (Run Sheet)-এর একটি অংশে স্বাক্ষর করবেন এবং আপনার রেকর্ডের জন্য আপনাকে সেটি ফেরত দিবেন। এই রসিদটি আপনার কাছে সংরক্ষণ করুন।

আপনি কিভাবে পেমেন্ট পাবেন

26 এপ্রিল রবিবার থেকে শুরু করে, NY-এর খাদ্য ডেলিভারি নিন (NYC Get Food) কার্যক্রমে খাবার ডেলিভারি প্রদানকারী সব ড্রাইভারকে তাদের জন্য মনোনীত প্রতিটি রুট শিটের জন্য $53 ডলার পেমেন্ট করা হবে। প্রতিটি রুট শিটে ছয়টির বেশি ঠিকানা থাকবে না। রুট লভ্য থাকলে ড্রাইভাররা চাইলে প্রত্যেক ট্রিপে একাধিক রুট শিট নিতে পারেন অথবা এক দিনে একাধিক ট্রিপ নিতে পারেন। বেশিরভাগ রুট তাদের জন্য নির্ধারিত একই বরোর মধ্যে থাকবে, তবে ব্রুকলিন বা কুইন্স থেকে যেকোনো রুটে ব্রংক্স-এ গেলে Triboro Bridge এর টোলের টাকার ব্যয়পরিশোধ করা হবে এবং যেসব রুটে Verrazzano Bridge পেরিয়ে যেতে হয় সেসব রুটেও ব্রিজের টোলের টাকার ব্যয়পরিশোধ করা হবে।

রবিবার থেকে শনিবার পর্যন্ত চলমান একটি কাজের সপ্তাহের ভিত্তিতে পেমেন্ট প্রক্রিয়া করা হবে, এবং পরবর্তী শনিবারের মধ্যে ডাকযোগে চেক পৌঁছে যাবে। যদি আপনি রুটগুলি সম্পন্ন করে থাকেন, তাহলে নিউ ইয়র্ক সিটি থেকে ডাকযোগে একটি খাম আসার দিকে লক্ষ রাখুন, এই খামের মধ্যে আপনার চেক থাকবে। কর্মসূচির প্রথম সপ্তাহে সম্পন্ন করা রুটগুলোর পেমেন্ট 10 এপ্রিল তারিখে ডাকযোগে পাঠানো হয়েছে। কর্মসূচির দ্বিতীয় সপ্তাহের পেমেন্ট 20 এপ্রিল তারিখে ডাকযোগে পাঠানো হয়েছে। সিটি একটি ইলেক্ট্রনিক পেমেন্ট পদ্ধতি বাস্তবায়ন করছে যা ড্রাইভারদেরকে প্রতি সপ্তাহে তাদের পেমেন্ট পেতে সক্ষম করবে।

আমার পেমেন্টের চেকে কোনো ভুল হয়ে থাকলে আমার কী করা উচিত?

NYC ড্রাইভারদেরকে তাদের কাজের জন্য ন্যায্য অর্থ প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। যদি আপনি মনে করেন যে আপনার পেমেন্টের ক্ষেত্রে কোনো ভুল হয়েছে, তাহলে আমরা আপনার দাবি সাবধানতার সাথে বিশ্লেষণ করবো এবং প্রয়োজনীয় যেকোনো সংশোধন করবো।

পেমেন্ট সংক্রান্ত যেকোনো অভিযোগ দায়ের করতে অনুগ্রহ করে এই ফরমটি ব্যবহার করুন:
https://www1.nyc.gov/site/em/resources/contact-getfoodnyc-program.page

- সবগুলো প্রয়োজনীয় ঘর পূরণ করুন এবং “I am a TLC driver with a question” (“আমি একজন টিএলসি ড্রাইভার ও আমার একটি প্রশ্ন আছে”) লেখাটি নির্বাচন করুন
- আপনি দাবি নথিভুক্ত করার সময় মন্তব্যের ঘরে নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত করার বিষয়টি নিশ্চিত করুন
  - আপনার TLC নম্বর
  - আপনি খাবার ডেলিভারি করার জন্য যে তারিখে বা তারিখগুলোতে কাজ করেছিলেন
  - আপনি যে রুট আইডি নম্বরগুলোতে খাবার ডেলিভারি করেছেন সেগুলো (আপনি এটি আপনার রসিদে খুঁজে পাবেন)
  - অন্য যেকোনো তথ্য যেগুলো আপনার দাবির জন্য গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন

আপনি আপনার দাবি জমা দেয়ার পরে, আরো তথ্যের জন্য আমরা আপনার সাথে যোগাযোগ করতে পারি, যেমন আপনার কাছে থাকা যেকোনো রুটের রসিদের স্ক্যান বা ছবি। আপনার রুটের রসিদগুলোর মূল কপি সংরক্ষণ করতে ভুলবেন না।